গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

**বিষয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ডিসেম্বর/২০২৪ মাসের বিশেষ সমন্বয় সভার কার্যবিবরণী:-**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মমতাজ আহমেদ, এনডিসি<br>সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ২৬/১২/২০২৪ বৃহস্পতিবার, বেলা ১১:০০ ঘটিকা। |
| স্থান | : | বাংলাদেশ শিশু একাডেমির সভাকক্ষ। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। কোন সংশোধনী না থাকায় নভেম্বর/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | সৃষ্টিশীল, নাগরিক-বান্ধব মানসিকতা নিয়ে প্রতিটি মন্ত্রণারয়/বিভাগকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংস্কার পরিকল্পনা এবং একই সাথে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন | সৃষ্টিশীল, নাগরিক-বান্ধব মানসিকতা নিয়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংস্কার পরিকল্পনা এবং একই সাথে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন প্রতিবেদন প্রতিমাসে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। | সৃষ্টিশীল, নাগরিক-বান্ধব মানসিকতা নিয়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংস্কার পরিকল্পনা এবং একই সাথে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম। |
| ২. | সমন্বয় সভা | (ক) অনুবিভাগ প্রধানগণ সমন্বয় সভার পূর্বে শাখা/অধিশাখার কর্মকর্তাদের নিয়ে সভা করেছেন এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সমন্বয় শাখায় প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। অনুবিভাগ প্রধানগণের কোন সুপারিশ থাকলে তা সভায় কার্যপত্রে পয়েন্ট আকারে তুলে ধরার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়াও সভাপতি অনুবিভাগ প্রধানদের এই ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেন। | (ক) প্রতিমাসের সমন্বয় সভার পূর্বে অর্থাৎ ৯ তারিখের মধ্যে অনুবিভাগ প্রধানগণকে তার অধীনস্থ শাখা/অধিশাখার কর্মকর্তাদের সাথে সভা করতে হবে এবং অনুবিভাগ প্রধানগণের কোন সুপারিশ থাকলে তা পয়েন্ট আকারে মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | (ক) সকল অনুবিভাগ প্রধান, মশিবিম। |
| | | (খ) (i) কার্যপত্র তৈরি করার জন্য প্রত্যেক শাখাকে সংশ্লিষ্ট কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি এবং দপ্তর/সংস্থা/একাডেমির সিদ্ধান্তের বাস্তাবায়ন অগ্রগতি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সুনির্দিষ্ট তথ্য সমন্বয় শাখায় প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। যারা তথ্য/প্রতিবেদন প্রেরণ করতে বিলম্ব | (খ) কার্যপত্র তৈরি করার জন্য প্রত্যেক শাখা হতে শাখা সংশ্লিষ্ট কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি এবং দপ্তর/সংস্থা/একাডেমির সিদ্ধান্তের বাস্তাবায়ন | (খ) সকল কর্মকর্তা (মশিবিম), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক (মবিঅ), |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | করবে তাদের নাম উল্লেখ করার বিষয়ে সভাপতি নির্দেশনা দেন। | অগ্রগতি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | মহাপরিচালক (বাশিএ) ও নির্বাহী পরিচালক (জামস)। |
| ৩. | ডিজিটাল নথি ব্যবস্থাপনা | সকল শাখার ডি নথির কার্যক্রম ধারাবাহিকভাবে সভায় তুলে ধরা হয়। ডি-নথিতে মন্ত্রণালয়ের ২১টি শাখার কার্যক্রম ১০০% হওয়ায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন এবং সকলকে ধন্যবাদ জানান। | (ক) ডি-নথিতে নূন্যতম ৯৫% কার্যক্রম থাকতে হবে। ডি-নথির কার্যক্রম ৯৫% এর কম হলে মন্তব্যের কলামে ৯৫% এর কম হওয়ার কারণ উল্লেখ করতে হবে। | (ক) সকল কর্মকর্তা (মশিবিম), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ) ও নির্বাহী পরিচালক (জামস)। |
| | | (খ) সভাপতি অর্থ, মামলা ও অডিট আপত্তি সংক্রান্ত নথি ব্যতিত অন্য সকল নথির কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন করার জন্য নির্দেশনা দেন।<br>• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়- ১০০%।<br>• মহিলা বিষয়ক অধিদপ্তরের ডি-নথি কার্যক্রমের শতকরা হার- ১০০%।<br>• বাংলাদেশ শিশু একাডেমি- ৯৮.০৭%।<br>• জাতীয় মহিলা সংস্থা- ৯৭.৪ %।<br>• জয়িতা ফাউন্ডেশন- ৯৬.৪৭% | (খ) অর্থ, মামলা ও অডিট আপত্তি সংক্রান্ত নথি ব্যতিত অন্য সকল নথির কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন করতে হবে। | (খ) সকল কর্মকর্তা (মশিবিম), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ) ও নির্বাহী পরিচালক (জামস)। |
| | | (গ) দপ্তর/সংস্থা/একাডেমির মধ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের ডি-নথির কার্যক্রম ১০০%, জাতীয় মহিলা সংস্থা ৯৭.৪% ও বাংলাদেশ শিশু একাডেমি ৯৮.০৭% জয়িতা ফাউন্ডেশনের ডি-নথির কার্যক্রম ৯৬.৪৭% হওয়ায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন। এছাড়া সকলকে ডি-নথিতে কার্যক্রম ৯৫% এর উপরে অব্যাহত রাখার জন্য সভাপতি নির্দেশনা দেন। | (গ) জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমি ও জয়িতা ফাউন্ডেশন কে ডি-নথির কার্যক্রমে সক্রিয় হতে হবে। | (গ) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, মহাপরিচালক, বাশিএ, নির্বাহী পরিচালক, জামস। |
| | | (ঘ) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে আয়োজিত কর্মশালা বা সভায় মাননীয় উপদেষ্টার অংশগ্রহণের প্রয়োজন হলে সেই সভা সংক্রান্ত বিস্তারিত বিষয়াবলি, সিদ্ধান্ত ও সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্বলিত ফোল্ডার তৈরি করে অন্তত সভার ২দিন পূর্বে মাননীয় উপদেষ্টার দপ্তরে প্রেরণের জন্য এবং মাননীয় উপদেষ্টা পর্যায়ে নিষ্পত্তিযোগ্য সকল নথি উপদেষ্টার সদয় সিদ্ধান্তের জন্য এবং সকল নথি ডি-নথিতে প্রেরণ করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ঘ) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে আয়োজিত কর্মশালা বা সভায় মাননীয় উপদেষ্টার অংশগ্রহণের প্রয়োজন হলে সেই সভা সংক্রান্ত বিস্তারিত বিষয়াবলি, সিদ্ধান্ত ও সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্বলিত ফোল্ডার তৈরি করে অন্তত সভার ২দিন পূর্বে মাননীয় উপদেষ্টার দপ্তরে প্রেরণের জন্য এবং মাননীয় উপদেষ্টার সদয় সিদ্ধান্তের জন্য সকল নথি ডি-নথিতে প্রেরণ করতে হবে। | (ঘ) সকল কর্মকর্তা (মশিবিম), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ) ও নির্বাহী পরিচালক (জামস)। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (ঙ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যক্রম ডি-নথিতে অন্তভূক্ত করা হয়নি। জনপ্রশাসন মন্ত্রণালয়ের A2i প্রস্তাব অনুযায়ী ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যক্রম ডি-নথিতে অন্তভূক্তির বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর সভায় অবহিত করেন যে, A2i এর সাথে যোগাযোগ করা হয়েছে। তারা জানায় যে, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর অর্গানোগ্রাম এখনো অনুমোদন না হওয়ায় ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ডি-নথিতে প্রবেশ করতে পারছে না। এছাড়া ব্যক্তিগত যোগাযোগের জন্য সভাপতি নির্দেশনা দেন। | (ঙ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের A2i প্রস্তাব অনুযায়ী ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যক্রম ডি-নথিতে অন্তর্ভূক্তির বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে। | (ঙ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, ও সংশ্লিষ্ট শাখা, মশিবিম। |
| ৪. | পরিদর্শন। | (ক) **শাখা/অধিশাখা পরিদর্শন:**<br>নভেম্বর-২০২৪ মাসে-<br>• যুগ্মসচিব (জামস) অধিশাখা, সংশ্লিষ্ট শাখা পরিদর্শন করেন।<br>• উপসচিব (বাজেট ও হিসাব), সংশ্লিষ্ট শাখা পরিদর্শন করেন।<br><br>নিয়মিত নির্দিষ্ট সময় অন্তর শাখা/অধিশাখা পরিদর্শন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ এবং মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ সমূহ একত্রিত করে বাস্তবায়নের জন্য প্রশাসন-১ শাখা থেকে নথি উপস্থাপন করতে হবে। শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ এবং মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নে কার্যকরী ভূমিকা পালনে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>পরিদর্শন এর সকল প্রতিবেদন সমন্বয় সভার পূর্বে সচিব মহোদয় এর নিকট উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক) (i) অধিশাখা ও শাখা প্রধানগণ সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুযায়ী নিয়মিত নির্দিষ্ট সময় অন্তর শাখা পরিদর্শন করবেন এবং শাখা পরিদর্শন শেষে প্রতিবেদন সচিব ও অতিরিক্ত সচিব (প্রশাসন) বরাবর দাখিল করতে হবে। শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ এবং মাঠ পর্যায়ের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য প্রশাসন-১ শাখা থেকে নথি উপস্থাপন করতে হবে। সকল কর্মকর্তাকে অভ্যন্তরীণ পরিদর্শন বাড়াতে হবে। সিনিয়র সচিব মহোদয়কে পরিদর্শন প্রতিবেদন সম্পর্কে অবহিত করতে হবে। | (ক) (i) সকল কর্মকর্তা (মশিবিম), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন)। |
| | | **APA সংক্রান্ত:**<br>**<u>মাঠ পর্যায়ের পরিদর্শন:</u>**<br>(ক) (ii) এপিএ তে অন্তর্ভুক্তির বিষয়ে নভেম্বর-২০২৪ মাসে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের –<br>• উপসচিব (বাজেট, অডিট ও হিসাব) ০১টি পরিদর্শন করেন।<br><br>পূর্বের ন্যায় APA প্রমাপ অনুযায়ী মাঠ পর্যায়ের পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং কর্মকর্তাগণ যে মাসে পরিদর্শন করবেন সে মাসেই প্রতিবেদন দাখিলের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া, APA নীতিমালা সভাপতিকে দেখানোর | (ক) (ii) APA সংশ্লিষ্ট কার্যক্রমের মাঠপর্যায়ের পরিদর্শন প্রতিবেদন পরবর্তী ৭ কার্যদিবসের মধ্যে APA তে উল্লেখিত নির্ধারিত সূচক অনুযায়ী পৃথকভাবে APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর ছক অনুযায়ী দাখিল এবং আইসিটি | (ক) (ii) সকল কর্মকর্তা (মশিবিম), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন)। |

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td><td>শাখায় অনুলিপি প্রেরণ করতে হবে। কর্মকর্তাগণ যে মাসে পরিদর্শন করবেন সে মাসেই প্রতিবেদন দাখিল করতে হবে এবং সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</td><td></td></tr>
<tr><td></td><td></td><td>(ক) (iii) এপিএ ২০২৪-২৫ অনুযায়ী মোট লক্ষ্যমাত্রা, পরিদর্শনের সংখ্যার হিসাব:
<table>
<tr><th>লক্ষ্য মাত্রা</th><th>সম্পাদিত পরিদর্শনের সংখ্যা</th><th>ঘাটতি</th></tr>
<tr><td>৯৫টি</td><td>১৬টি</td><td>৭৯টি</td></tr>
</table>
পরিদর্শনের সংখ্যা পর্যালোচনায় দেখা যায়, পরিদর্শনে ব্যাপক ঘাটতি আছে তাই সকল কর্মকর্তাকে ঘাটতি পরিদর্শন সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। মহিলা বিষয়ক অধিদপ্তরে :-<br>• পরিচালক (অতিরিক্ত সচিব) ০২টি;<br>• উপপরিচালক (প্রশাসন ও অর্থ) ১টি পরিদর্শন করেন।</td><td>(ক) (iii) APA কর্মপরিকল্পনা অনুযায়ী মোট পরিদর্শনের সংখ্যা, কতটি পরিদর্শন করা হয়েছে, কতটি ঘাটতি রয়েছে, কোন্ কর্মকর্তা কতটি পরিদর্শন করেছেন তা উল্লেখপূর্বক ছক আকারে তৈরি করে প্রতিবেদন প্রতি মাসে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</td><td>(ক) (iii) APA টীম লীডার ও APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td></tr>
<tr><td></td><td></td><td>(খ)(i) সভাকে অবহিত করা হয় যে, দপ্তর/সংস্থা/একাডেমির মাঠ পর্যায়ের পরিদর্শন শেষে প্রতিবেদনের সুপারিশ সমূহ একত্রিত করে বাস্তবায়নের জন্য প্রশাসন-১ শাখা থেকে নথি উপস্থাপনের মাধ্যমে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। দপ্তর/সংস্থা/একাডেমির কর্মকর্তাগণ মাঠ পর্যায়ের পরিদর্শনকালে গুরুতর কোন অনিয়ম নিজেরা সমাধান করতে না পারলে সেক্ষেত্রে মন্ত্রণালয়ের মাধ্যমে সম্পন্ন করবেন এবং অনিয়ম আছে বা নেই তা বিস্তারিত তুলে সংশ্লিষ্ট বিষয়ের উপর ফলোআপ করার জন্যও সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>(খ)(i) দপ্তর/সংস্থা/ একাডেমির কর্মকর্তাগণ মাঠ পর্যায়ের পরিদর্শন কালে গুরুতর কোন অনিয়ম বা গুরুত্বপূর্ণ কোন বিষয় পরিলক্ষিত হলে বিস্তারিত উল্লেখপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।</td><td>(খ)(i)মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন)</td></tr>
<tr><td></td><td></td><td>(খ)(ii) মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি ও জাতীয় মহিলা সংস্থা হতে জানানো হয়েছে যে, পরিদর্শন ক্যালেন্ডার তৈরি করা হয়েছে। ক্যালেন্ডার অনুযায়ী পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য হয়।</td><td>(খ)(ii) দপ্তর/সংস্থা/ একাডেমিকে পরিদর্শন ক্যালেন্ডার তৈরি করতে হবে। পরিদর্শন ক্যালেন্ডার তৈরি করে দ্রুত মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। (বাস্তবায়িত)</td><td>(খ)(ii) মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন)।</td></tr>
<tr><td>৫.</td><td>মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থা/একাডেমির অর্গানোগ্রাম সংক্রান্ত।</td><td>(ক) মহিলা বিষয়ক অধিদপ্তরের অর্গ্রানোগ্রাম অনুমোদনের জন্য ১৪/০৮/২০২৪ ইং তারিখের স্মারক নং- ৩২.০১.০০০০.০০১.২৮.২৬৮(অংশ-১).২২-৭৭৩ এর মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, বিভিন্ন মামলার কারণে পদোন্নতি দেয়া যাচ্ছে না। প্রথম শ্রেণির উপপরিচালক পদ শূন্য আছে। পদন্নোতি দেয়া গেলে সুষ্ঠভাবে কার্যক্রম</td><td>(ক) মহিলা বিষয়ক অধিদপ্তরের অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে।</td><td>(ক) মহাপরিচালক (মবিঅ), সংশ্লিষ্ট শাখা (মবিঅ-১), মশিবিম।</td></tr>
</table>

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সম্পন্ন করা যেত। শূন্য পদের জন্য পিএসিতে পত্র প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি ব্যক্তিগত যোগাযোগ বাড়ানোর মাধ্যমে বিষয়টি নিষ্পত্তির বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | | |
| | | (খ) সভাকে অবহিত করা হয় যে, জাতীয় মহিলা সংস্থার অর্গানোগ্রাম ও পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা নির্দেশিকার নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী পৃথক পৃথক স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য গত ১২/১২/২০২৪ তারিখ ২৫২ নং স্মরকমূলে নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | (খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী সাংগঠনিক কাঠামো ও অর্গানোগ্রাম প্রস্তুতপূর্বক জাতীয় মহিলা সংস্থাকে আগামী সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (খ) নির্বাহী পরিচালক (জামস), মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা। |
| | | (গ) সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ শিশু একাডেমির অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামো সংশোধন/ পুনর্বিন্যাস এর কাজ চলমান রয়েছে। শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | (গ) বাংলাদেশ শিশু একাডেমি অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামো আগামী সমন্বয় সভার পূর্বে কার্যক্রম সম্পন্ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (গ) মহাপরিচালক (বাশিএ), শিশু শাখা, মশিবিম। |
| | | (ঘ) সভাকে অবহিত করা হয় সাংগঠনিক কাঠামোর কার্যক্রম চলমান রয়েছে। ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের জনবল রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পুনরায় প্রস্তাব (পদ সৃজন, সংরক্ষণ) প্রেরণের জন্য এবং ব্যাক্তিগত যোগাযোগ রক্ষার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>দপ্তর/সংস্থা/একাডেমির প্রধানগণ অর্গানোগ্রামের বিষয়ে কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সভাপতি নির্দেশনা দেন। | (ঘ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের জনবল রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব (পদ সৃজন, সংরক্ষণ) প্রেরণ করতে হবে। | (ঘ) পরিচালক, ডিএনএ অধিদপ্তর ও সংশ্লিষ্ট শাখা। |
| ৬. | শূন্যপদে নিয়োগ | (ক) সভাকে অবহিত করা হয় যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের ৬টি ক্যাটাগরির ৬৪৫ টি শুন্য পদের ছাড়পত্র প্রদানের বিষয়ে সিদ্ধান্ত চেয়ে গত ২০/১১/২০২৪ ইং তারিখের স্মারক নং-৩২.০০.০০০০.০০১.১১.০৫৪.২৪.৬৩১ এর মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>শূন্য পদের তালিকা পৃথক আকারে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা দেন। | (ক) মহিলা বিষয়ক অধিদপ্তরের শূন্যপদ নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। ১ম ও ২য় শ্রেণীর নিয়োগ কার্যক্রম পিএসসিএর মাধ্যমে সম্পন্ন করতে হবে। | (ক) মহাপরিচালক, (মবিঅ)। |
| | | (ক)(i) মহিলা বিষয়ক অধিদপ্তরের যে সকল কর্মকর্তা/কর্মচারী বর্তমান কর্মস্থলে অফিস না করে সংযুক্ত কর্মস্থলে অফিস করছেন তাদের নামের তালিকা ও পদোন্নতির যোগ্য কর্মকর্তা/কর্মচারীর তালিকা তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক)(i) সংযুক্ত কর্মকর্তা/কর্মচারীর তালিকা ও পদনোন্নতিযোগ্য কর্মকর্তা/কর্মচারীর নামের তালিকা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (ক)(i) মহাপরিচালক, (মবিঅ)। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (খ) সভাকে অবহিত করা হয় যে, শূন্যপদের নিয়োগ সংক্রান্ত তথ্য ছক সংশোধন করে গত ১৪.০৭.২০২৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে বাংলাদেশ শিশু একাডেমির সরাসরি নিয়োগযোগ্য ৫০টি শূন্যপদে নিয়োগের ছাড়পত্র মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় থেকে পাওয়া গিয়েছে। বর্তমানে নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। | (খ) বাংলাদেশ শিশু একাডেমির শূন্যপদের নিয়োগ সংক্রান্ত তথ্য ছক সংশোধন করে প্রস্তাব শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (খ) মহাপরিচালক, বাশিএ। |
| | | (গ) সভাকে অবহিত করা হয় যে, গত ১৫/১০/২০২৪খ্রি তারিখে মন্ত্রণালয়ের জামস শাখার স্মারক নং-২৩৩ মূলে পুনরায় ছাড়পত্র নেওয়ার প্রস্তাব চেয়ে জাতীয় মহিলা সংস্থায় পত্র প্রেরণ করা হয়েছে।<br>অন্যদিকে জনপ্রশাসন মন্ত্রণালয়, সওবা অনুবিভাগ, উদ্বৃত্ত কর্মচারী গবেষণা ইউনিট হতে ২৬/০৯/২০২৪ খ্রি. তারিখে স্মারক নং-৯২ মূলে জানান যে, পুনরায় ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির সুযোগ নেই এ মর্মে সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে পত্র মারফত অবহিত করা হয়।<br>জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ১৬টি অফিস সহায়ক এর ১৬টি শূন্য পদের নিয়োগ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। | (গ) জাতীয় মহিলা সংস্থার অফিস সহায়ক এর ১৬টি শূন্য পদে জনবল নিয়োগ সংক্রান্ত কার্যক্রম পুনরায় শুরু করতে হবে। | (গ) নির্বাহী পরিচালক (জামস), জামস শাখা, মশিবিম। |
| | | (ঘ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের শূন্যপদে নিয়োগের বিষয়ে রাজস্বখাতে সৃজিত পদসমূহ দ্রুত পূরণের লক্ষ্যে নিয়োগবিধি চূড়ান্ত করার বিষয়ে পুনরায় আন্ত:মন্ত্রণালয় সভা করে দ্রুত কার্যক্রম সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। | (ঘ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের শূন্যপদে নিয়োগের বিষয়ে রাজস্বখাতে সৃজিত পদসমূহ দ্রুত পূরণের লক্ষ্যে নিয়োগবিধি চূড়ান্ত করতে হবে। | (ঘ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর। |
| ৭. | APA বাস্তবায়ন | (ক) APA তে সূচকের লক্ষ্যমাত্রা ও অর্জনের জন্য APA পরিদর্শন ক্যালেন্ডার অনুযায়ী সকলকে পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার জন্য এবং পরিদর্শন প্রতিবেদন যথাসময়ে দাখিল করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>APA সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের পত্রটি সম্পর্কে সভাপতি মহোদয়কে অবগত করানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়। | APA তে সূচকের লক্ষ্যমাত্রা ও অর্জন নিয়ে APA টিম লিডারকে নিয়মিত সভা আহবান ও মনিটরিং করতে হবে। | সকল কর্মকর্তা, মশিবিম। |
| ৮. | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত নভেম্বর/২০২৪ প্রতিবেদন ১০/১২/২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। নভেম্বর/২০২৪ মাসে মন্ত্রণালয়ে ০৯টি অভিযোগ পাওয়া গিয়েছে। মোট ০৯টি অভিযোগের মধ্যে ০৪টি অভিযোগ অন্য দপ্তরে প্রেরণ করা হয়েছে। নিষ্পত্তির হার ৪৪.৪৪%।<br>• মহিলা বিষয়ক অধিদপ্তরে নভেম্বর/২০২৪ মাসের ২৬টি অভিযোগ পাওয়া গিয়েছে। | অনলাইন এবং অফলাইনের প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | মোট ২৬ টি অভিযোগের মধ্যে ০৭টি নিষ্পত্তি হয়েছে। নিষ্পত্তির হার ২৬.৯২%।<br>মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সভাকে জানান যে, আইসিভিজিডি সংক্রান্ত কিছু অভিযোগ ছিল কিন্তু তারা না দেয়ার ফলে অভিযোগ অন্তর্ভুক্ত না করায় ১০০% হয় নাই। তবে পরবর্তীতে অন্তর্ভুক্ত করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়।<br>• জাতীয় মহিলা সংস্থা হতে কোন অভিযোগ পাওয়া যায়নি। নিষ্পত্তির হার ১০০%।<br>• বাংলাদেশ শিশু একাডেমি ও জয়িতা ফাউন্ডেশন হতে কোন অভিযোগ মর্মে রিপোর্ট পাওয়া যায়নি। | | |
| ৯. | সকল শিশু দিবাযত্ন কেন্দ্র ও সকল শিশু বিকাশ কেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপন ও প্রয়োজনীয় সংস্কার | ২০২৩-২০২৪ অর্থবছরে ঢাকাস্থ ১০টি শিশু দিবাযত্ন কেন্দ্রে<br>(সদর কার্যালয়ের শিশু দিবাযত্ন (মবিঅ), বাংলাদেশ সচিবালয়, আজিমপুর, মধ্যবিত্ত, আজিমপুর (নিম্নবিত্ত), খিলগাঁও, যাত্রবাড়ি(খিলগাঁও), মোহাম্মদপুর, নাখালপাড়া, প্লানিং কমিশন ও রাজারবাগ) আইপি সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে।<br>২০২৪-২৫ অর্থবছরে ঢাকাস্থ ১৫ টি শিশু দিবাযত্ন কেন্দ্রে আইপি ক্যামেরা স্থাপনের জন্য রি-টেন্ডার করা হয়েছে। গত ২৩ ডিসেম্বর ২০২৪ ইং তারিখে টেন্ডার টি ওপেন করা হয়েছে। ৪টি প্রতিষ্ঠান টেন্ডার দাখিল করেছেন।<br>নভেম্বর, ২০২৪ মাসে সিলেট, ফরিদপুর, কুমিল্লা, বাড্ডা, ডেমরা, উত্তরা, রামপুরা, সাভার, প্ল্যানিং কমিশন সেন্টার পরিদর্শন করা হয়েছে এবং পরিদর্শনকালীন যে সকল সমস্যা পাওয়া যায় তা সুপারিশ সহ প্রতিমাসে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্পের আওতায় ২০টি ডে-কেয়ার সেন্টারের মধ্যে ৩টি ডে-কেয়ার যথাক্রমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শিশু দিবাযত্ন কেন্দ্র, ভূমি ভবন এবং শিশু দিবাযত্ন কেন্দ্র, মতিঝিল (বিসিআইসি ভবন-২) এ সিসি ক্যামেরা রয়েছে। অবশিষ্ট ১৭টি সেন্টারে সিসি ক্যামেরা স্থাপন কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>বাংলাদেশ শিশু একাডেমির সকল শিশু বিকাশ কেন্দ্রে সিসি ক্যামেরা ইতোমধ্যে স্থাপন করে মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। | সকল শিশু দিবাযত্ন কেন্দ্র ও সকল শিশু বিকাশ কেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপন ও মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | মহাপরিচালক, মবিঅ ও মহাপরিচালক, বাশিএ। |
| ১০. | সেলাই মেশিন সংক্রান্ত | সভাকে অবহিত করা হয় যে, বিভিন্ন প্রশিক্ষণের ফলাফলের ভিত্তিতে প্রথম ১০ জনকে সেলাই মেশিন প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।<br>একটি সভা আহবান করে বিষয়টি নিষ্পত্তির বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | সেলাই মেশিন সংক্রান্ত বিষয়টি কার্যক্রম অনুবিভাগ হতে পৃথক সভা আহবান করতে হবে। | প্রশাসন অনুবিভাগ, কার্যক্রম অনুবিভাগ এবং (বাজেট ও হিসাব) শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১. | ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ভবন নির্মাণের জমি সংক্রান্ত | (ক) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা হতে জানানো হয় যে, গত ১০.০৩.২০২৪ তারিখে জেলা প্রশাসক, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের জবাবে ১৫,৫২,৮৯০১৮/- (পনেরো কোটি বায়ান্ন লক্ষ উননব্বই হাজার আঠারো) টাকায় দক্ষিণখানে ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের অনুকূলে জমি বন্দোবস্ত প্রদান করা হয়।<br>পরবর্তীতে ১৩.০৬.২০২৪ তারিখে সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর প্রতিকী মূল্যে জমি প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়।<br><br>(খ) মহাপরিচালক, ডিএনএ, ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, স্কেচ ম্যাপ পাওয়া না যাওয়ায় কাজ করা সম্ভব হয় নাই। ডিপিপি প্রস্তুতের জন্য কনসালটেন্ট নিয়োগ সংক্রান্ত প্রস্তাব অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক)ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ভবন নির্মাণের জমির বিষয়ে ভূমি মন্ত্রণালয় কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত জেলা প্রশাসন, ঢাকাকে সরবরাহ করতে হবে এবং ভূমি মন্ত্রণালয় ও জেলা প্রশাসক, ঢাকার সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br><br>(খ) স্কেচ ম্যাপ প্রস্তুত ও ডিপিপি প্রস্তুতের জন্য কনসালটেন্ট নিয়োগ সংক্রান্ত প্রস্তাব অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | (ক) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা, মশিবিম।<br><br>(খ) মহাপরিচালক, ডিএনএ, ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা। |
| ১২. | শিশু অধিদপ্তর | সভাকে অবহিত করা হয়, গত ০৯ অক্টোবর, ২০২৪ তারিখ দিনব্যাপী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় প্রস্তাবিত শিশু বিষয়ক অধিদপ্তর গঠনের ভিশন মিশন, কার্যাবলী, যৌক্তিকতা, অর্গানোগ্রাম, নিয়োগবিধি, কোর কমিটির সুপারিশ/প্রতিবেদন, শিশু আইন-২০১১, শিশু নীতি-২০১৩ ইত্যাদি বিষয় যাচাই-বাছাই করে একটি পূর্ণাঙ্গ প্রস্তাব প্রতিবেদন প্রস্তুত এবং পর্যালোচনা সংক্রান্ত বিষয়ে মন্ত্রণালয় ও স্টেকহোল্ডারদের নিকট হতে শিশু বিষয়ক অধিদপ্তর গঠনের খসড়া প্রতিবেদন পাওয়া গিয়েছে। খসড়া প্রতিবেদন চূড়ান্তকরণের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি বলেন যে, শিশু অধিদপ্তর গঠনের বিষয়ে আরো একটি ওয়ার্কশপ করলে ভাল হয়।<br>পূর্বের সেমিনার থেকে বিভিন্ন কোয়ারি, স্টেক হোল্ডারদের মতামত ও পরামর্শসহ বিভিন্ন বিষয়ে পর্যালোচনা করার জন্য আরো একটি ওয়ার্কশপ প্রয়োজন। সভাপতি আরেকটি ওয়ার্কশপের তারিখ নির্ধারণকরত: ওয়ার্কশপের মাধ্যমে যে সিদ্ধান্ত আসবে তা বাস্তবায়ন করার জন্য ~~সভাপতি~~ নির্দেশনা প্রদান করেন। | শিশু অধিদপ্তর গঠনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে এবং আরেকটি ওয়ার্কশপের তারিখ নির্ধারণকরত: ওয়ার্কশপের মাধ্যমে যে সিদ্ধান্ত আসবে তা বাস্তবায়ন করতে হবে। | মহাপরিচালক, বাশিএ ও শিশু শাখা, মশিবিম। |
| ১৩. | জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এর (মধ্য ও দীর্ঘ মেয়াদি) সিদ্ধান্ত বাস্তবায়ন ও জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-২৩-এর (দীর্ঘমেয়াদি) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নাধীন/ | **(ক) জেলা প্রশাসক সম্মেলন ২০২৪- এ মধ্যমেয়াদী:**<br>• প্রতিটি জেলায় কর্মজীবী মহিলাদের সন্তানদের জন্য ডে-কেয়ার সেন্টারের সুবিধা সংবলিত একটি করে কর্মজীবী মহিলা হোস্টেল স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া)<br>**অগ্রগতি:** রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া জেলায় খাস ও নিষ্কন্টক জমি পাওয়া সাপেক্ষে মহিলা বিষয়ক অধিদপ্তর **"জেলা পর্যায়ে মহিলা বিষয়ক** | (ক) জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এর (মধ্য ও দীর্ঘ মেয়াদি) সিদ্ধান্ত বাস্তবায়ন ও জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-২৩-এর (দীর্ঘমেয়াদি) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নাধীন/ অনিষ্পন্ন/বাস্তবায়ন | (ক) মহাপরিচালক, মবিঅ ও মহাপরিচালক, বাশিএ। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫। | অনিষ্পন্ন/বাস্তবায়ন অগ্রগতি | **অধিদপ্তরের কমপ্লেক্স নির্মাণ (২য় পর্যায়)"** প্রকল্পে উক্ত জেলাসমূহ অন্তর্ভুক্ত করা হবে। সে লক্ষ্যে রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা প্রশাসক বরাবর জমির প্রস্তাব প্রেরণের জন্য ১১/০৮/২০২৪ খ্রি: তারিখে পত্র দেয়া হয়েছে।<br>• মাগুরা জেলাসহ দেশের প্রতিটি জেলায় শিশু একাডেমি ভবন নির্মাণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, মাগুরা)<br>**অগ্রগতি:** বাংলাদেশ শিশু একাডেমির মাগুরা জেলা কার্যালয়ের নিজস্ব কোন জমি ও ভবন নেই। জমি বরাদ্দ পাওয়া গেলে ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হবে। জেলা প্রশাসক, মাগুরা বরাবরে জমি বরাদ্দ চেয়ে শীঘ্রই পত্র প্রেরণ করা হবে।<br><br>**দীর্ঘমেয়াদী:**<br>• শিশু অধিদপ্তর গঠনের উদ্যোগ নিতে হবে। (প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়)<br>**অগ্রগতি:** গত ০৯ অক্টোবর, ২০২৪ তারিখ বুধবার সকাল ১০:৩০ টা হতে দিনব্যাপী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় প্রস্তাবিত শিশু বিষয়ক অধিদপ্তর গঠনের ভিশন, মিশন, কার্যাবলী, যৌক্তিকতা, অর্গানোগ্রাম, নিয়োগবিধি, কোর কমিটির সুপারিশ/প্রতিবেদন, শিশু আইন-২০১১, শিশু নীতি-২০১৩ ইত্যাদি বিষয় যাচাই-বাছাই করে একটি পূর্ণাঙ্গ প্রস্তাব প্রতিবেদন প্রস্তুত এবং পর্যালোচনা সংক্রান্ত বিষয়ে মন্ত্রণালয় ও স্টেকহোল্ডারদের সমন্বয়ে কর্মশালা বাংলাদেশ শিশু একাডেমির রোকনুজ্জামান দাদাভাই হল রুমে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রাপ্ত সুপারিশ অনুযায়ী শিশু অধিদপ্তর গঠনের কার্যক্রম চলমান রয়েছে।<br>**জেলা প্রশাসক সম্মেলন ২০১৮-২০২৩ এ**<br>**দীর্ঘমেয়াদী:**<br>• বাংলাদেশ শিশু একাডেমি, বরিশাল জেলা কার্যালয়ের ভবন ও অডিটরিয়াম নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, বরিশাল)<br>**অগ্রগতি:** বরিশাল জেলা প্রশাসন থেকে বাংলাদেশ শিশু একাডেমি বরিশাল জেলা কার্যালয়ের অনুকূলে বরিশাল সিটি কর্পোরেশনের আওতাধীন ৫০নং আলেকান্দা মৌজার এস.এ-১৫৩৯/৭ নং খতিয়ানের ৩৬০৭ নম্বর দাগের ভিপি-৩৭২/৬৮-৬৯ নম্বর সম্পত্তি লীজ পাওয়ার জন্য ভূমি আপীল বোর্ড বরাবরে আবেদন করেছে। ভূমি আপীল বোর্ড রূপালী ব্যাংকের পক্ষে রায় প্রদান করে বিষয়টি নিষ্পত্তি করেছে। জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল থেকে বিষয়টি রিভিউ করার জন্য ভূমি আপীল বোর্ড বরাবর আবেদন দাখিল করা হয়েছে (আবেদনের কপি সংযুক্ত) ০৩/০৩/২০২৫ খ্রি, তারিখে ভূমি আপিল বোর্ডের বিজ্ঞ ফুলবোর্ড আদালতে মামলাটির শুনানি হয়েছে।<br>• মহিলা বিষয়ক অধিদপ্তরের বরিশাল জেলা কার্যালয়, মহিলা প্রশিক্ষণ কেন্দ্র ও ডে-কেয়ার সেন্টারের জন্য নিজস্ব ভবন নির্মাণের উদ্যোগ নিতে হবে। (জেলা প্রশাসক, বরিশাল) | অগ্রগতি প্রেরণ করতে হবে।<br><br>(খ) ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (এডিপি) মহিলা বিষয়ক অধিদপ্তরের ০৭ টি প্রস্তাবিত প্রকল্প সংক্রান্ত সভা আহবান করতে হবে। এবং আয় থেকে ব্যয় নির্বাহ করা হোস্টেল গুলোর বিষয়ে আলাদা সভা করতে হবে। | (খ) মহাপরিচালক, মবিঅ। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | **অগ্রগতি:** গত ০২/০১/২০২৪ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে ২০২৩-২০২৪ অর্থবছরের আরএডিপিতে প্রস্তাবিত নতুন প্রকল্প সমূহের বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় **মহিলা বিষয়ক অধিদপ্তরের** বরিশাল জেলা কার্যালয়, **মহিলা প্রশিক্ষণ কেন্দ্র ও ডে- কেয়ার সেন্টারের জন্য নিজস্ব ভবন নির্মানের উদ্যোগ গ্রহণের বিষয়ে** উপপরিচালক, বরিশাল জানান, বরিশাল জেলায় কাশিপুর এলাকার গণপাড়া মৌজায় সীমানা প্রাচীরসহ ০.৬৬ একর জমির উপরে ১০ তলা ফাউন্ডেশনের উপর দ্বিতল বিশিষ্ট দুইটি ভবন রয়েছে। পেছনের ভবনটিতে মহিলা সহায়তা কেন্দ্রের একাডেমিক কার্যক্রম চলে। উপপরিচালক এর কার্যালয়, মহিলা প্রশিক্ষণ কেন্দ্র ও ডে-কেয়ার সেন্টার, বরিশালের অফিস ভবনটি অন্যত্র ভাড়া বাসায় স্থানান্তর অথবা মহিলা সহায়তা কর্মসূচির ভবনে স্থানান্তরের ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের নিমিত্তে মহাপরিচালক , মহিলা বিষয়ক অধিদপ্তর বরাবর উপপরিচালক, বরিশাল পত্র প্রদান করেন। সে প্রেক্ষিতে স্মারক নং-৩২.০১.০০০০.০০১.১৮.১৮৯.১৭-৯৬৬, তারিখ-০৪/১১/২০২৪ ইং তারিখের পত্রে উপপরিচালক, বরিশালকে মহিলা সহায়তা কর্মসূচি ভবনে জেলা কার্যালয়, মহিলা প্রশিক্ষণ কেন্দ্র ও ডে-কেয়ার সেন্টার স্থানান্তরের নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>• সিলেট শিশু একাডেমির নিজস্ব জমিতে ভবন নির্মাণের কার্যক্রম জরুরি ভিত্তিতে শুরু করতে হবে। (জেলা প্রশাসক, সিলেট)<br>**অগ্রগতি:** বাংলাদেশের ১৭টি জেলায় শিশু একাডেমির নিজস্ব ভবন নির্মাণের জন্য ডিপিপি প্রণয়ন করা হয়েছে। ১৭টি জেলার মধ্যে সিলেট জেলাও অন্তর্ভূক্ত রয়েছে। প্রণয়নকৃত ডিপিপি প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রকল্পটি যাচাই বাছাইয়ের লক্ষ্যে গত ১১.০১.২০২৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয় (সভার কার্যবিবরণী সংযুক্ত)। ফিজিবিলিটি স্টাডি করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। সভায় প্রকল্পটির ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করে ডিপিপি পুনর্গঠন করে প্রতিবেদন দাখিলের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• মৌলভীবাজার শিশু একাডেমির নিজস্ব জমিতে ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, মৌলভীবাজার)<br>**অগ্রগতি:** বাংলাদেশের ১৭টি জেলায় শিশু একাডেমির নিজস্ব ভবন নির্মাণের জন্য ডিপিপি প্রণয়ন করা হয়েছে। ১৭টি জেলার মধ্যে মৌলভীবাজার জেলাও অন্তর্ভূক্ত রয়েছে। প্রণয়নকৃত ডিপিপি প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রকল্পটি যাচই বাছাইয়ের লক্ষ্যে গত ১১.০১.২০২৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়। ফিজিবিলিটি স্টাডি করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। সভায় প্রকল্পটির ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করে ডিপিপি পুনর্গঠন করে প্রতিবেদন দাখিলের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>
• যশোরে অবস্থিত ৪৫ শয্যা বিশিষ্ট কর্মজীবি মহিলা হোস্টেলকে ১৫০ শয্যায় উন্নীত করে বহুতল ভবন নির্মানের মাধ্যমে আধুনিকায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। (জেলা প্রশাসক, যশোর)<br>
অগ্রগতি: ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (এডিপি) মহিলা বিষয়ক অধিদপ্তরের ০৭ টি প্রস্তাবিত প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে।<br>
চলমান এডিপিতে "মহিলা বিষয়ক অধিদপ্তরের যশোর অবস্থিত ৪৫ শয্যা বিশিষ্ট কর্মজীবি মহিলা হোস্টেল ১৫০ শয্যায় উন্নীতকরণপূর্বক আধুনিকায়ন বহুতল ভবন নির্মান" শীর্ষক প্রকল্প অন্তর্ভূক্ত হয়নি।<br>
সবুজ পাতায় অন্তর্ভুক্ত নেই বিধায় এ বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি।
</td><td></td><td></td></tr>
<tr><td>১৪.</td><td>মন্ত্রণালয়ের সাথে দপ্তর/সংস্থার অনিষ্পন্ন (Pending) বিষয় সংক্রান্ত।</td><td>
(ক) সচিবালয় নির্দেশাবলী-২০২৪ অনুযায়ী নিম্নোক্ত ছকে সুনির্দিষ্ট তথ্য উল্লেখপূর্বক প্রতিমাসের ১-৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব ও সমন্বয় শাখায় প্রেরণ করার জন্য সভাপতি মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা, দপ্তর/সংস্থা ও একাডেমিকে নির্দেশনা প্রদান করেন।<br>
.............. মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণ
<table>
<tr><th rowspan="2">গত মাসের জের</th><th rowspan="2">আলোচ্য মাসে প্রাপ্তি</th><th rowspan="2">আলোচ্য মাসে নিষ্পত্তি</th><th colspan="4">মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশী নহে</th><th>দুই সপ্তাহের অধিক অথচ এক মাসের বেশি নহে</th><th>এক মাসের অধিক</th><th>মোট</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
কোন অনিষ্পন্ন বিষয় থাকলে তার সঠিক তথ্য উল্লেখ করার এবং আরো বিস্তারিত তথ্য তুলে ধরার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>
(খ) সভাকে অবহিত করা হয় যে, শিশু দিবাযত্ন বিধিমালা, ২০২৩ (খসড়া) চূড়ান্তরকরণের নিমিত্ত ০৯.১০.২০২৪ তারিখ সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী '২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প' এর প্রকল্প পরিচালক-কে আহবায়ক করে ০৪ (চার) সদস্য বিশিষ্ট উপ-কমিটি গঠন করা হয়েছে।<br><br>
(গ) জয়িতা টাওয়ারের ফ্লোরভিত্তিক ব্যবহার পরিকল্পনার বিষয়ে নতুন করে সভা করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।
</td><td>
(ক) সচিবালয় নির্দেশাবলী-২০২৪ এর নির্ধারিত ছক অনুযায়ী সুনির্দিষ্ট তথ্য উল্লেখপূর্বক প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব বরাবর এবং অনুলিপি সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>
(খ) শিশু দিবাযত্ন কেন্দ্র বিধিমালা, ২০২৩ সংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>
(গ) জয়িতা টাওয়ারের ফ্লোরভিত্তিক ব্যবহার পরিকল্পনার বিষয়ে নতুন করে সভা করে নিষ্পত্তি করতে হবে।
</td><td>
(ক) সকল কর্মকর্তা, (মশিবিম), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক, (জয়িতা ফাউন্ডেশন), ও সমন্বয় শাখা (মশিবিম)।<br><br>
(খ) উপসচিব (আইন), মশিবিম।<br><br>
(গ) পরিকল্পনা-৩ শাখা, মশিবিম।
</td></tr>
<tr><td>১৫.</td><td>বিবিধ</td><td>
(ক) সভাকে আবহিত করা হয় যে, গত ১০/১১/২০২৪ তারিখে ৪৭১ স্মারকমূলে বাজেট শাখা হতে বাংলাদেশ শিশু একাডেমি কার্যকর করার জন্য পূর্ত, বৈদ্যুতিক কাজ, অফিস যন্ত্রপাতি, আসবাবপত্র ও অন্যান্য আনুষঙ্গিক মালামাল ক্রয়ের জন্য ৩,৩৫,৬৮,৫৬৮.৫০ (তিন কোটি পঁয়ত্রিশ লক্ষ আটষট্টি হাজার পাঁচশত টাকা পঞ্চাশ পয়সা) টাকা ব্যয়ের ভূতাপেক্ষ প্রশাসনিক অনুমোদন দিয়ে
</td><td>
(ক) বাংলাদেশ শিশু একাডেমির ক্ষয়ক্ষতি নিরূপনের বিষয়ে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সদস্যসহ মোট ৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি সর্বোচ্চ ১৫ কার্যদিবসের
</td><td>
(ক) মহাপরিচালক, বাশিএ, শিশু শাখা, মশিবিম।
</td></tr>
</table>

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br>**ক্ষয়ক্ষতি নিরুপনের জন্য ৭ সদস্যের কমিটি গঠন করা হয়েছে এবং কমিটি প্রতিবেদন দাখিল করেছে।যেহেতু সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে সেহেতু বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য করা যায়।** | মধ্যে বাংলাদেশ শিশু একাডেমিকে কার্যকর করার জন্য ক্ষয়ক্ষতি নিরূপনসহ সার্বিক কাজের অগ্রগতি দ্রুত জানাতে হবে। **(বাস্তবায়িত)** | |
| | | (খ) (i) সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ শিশু একাডেমি গাজীপুর শিশু বিকাশ কেন্দ্রে শিশুদের মধ্যে খাবার পরিবেশন, শীতবস্ত্র বিতরণ ইত্যাদি অনিয়ম/বিচ্যুতি অভিযোগের বিষয়ে গঠিত কমিটির সরেজমিন পরিদর্শন প্রতিবেদন এর সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতি গত ০৩/১১/২০২৪ তারিখে স্মারক নম্বর: ৩২২০(৬) পত্রের মাধ্যমে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রের প্রেক্ষিতে ২৬৭ স্মারকমূলে ২৬/১১/২০২৪ তারিখে গাজীপুর শিশু বিকাশ কেন্দ্রে শিশুদের মধ্যে খাবার পরিবেশন, শীতবস্ত্র বিতরণ ইত্যাদি অনিয়ম/বিচ্যুতি অভিযোগের বিষয়ে গঠিত কমিটির সরেজমিন পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত সুপারিশসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br>**সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য হয়।** | (খ) (i) গাজীপুর শিশু বিকাশ কেন্দ্রে শিশুদের মধ্যে খাবার পরিবেশন, শীতবস্ত্র বিতরণ ইত্যাদি অনিয়ম/বিচ্যুতি অভিযোগের বিষয়ে পরবর্তী সমন্বয় সভার পূর্বে অগ্রগতি জানাতে হবে। **(বাস্তবায়িত)** | (খ) (i) মহাপরিচালক, বাশিএ, শিশু সুরক্ষা শাখা, মশিবিম। |
| | | (খ) (ii) সভাকে অবহিত করা হয় যে, গত ০৪/০৪/২০২৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে ঢাকাস্থ ২৫টি ডে-কেয়ার সেন্টারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>গত ২৫/১১/২০২৪ তারিখে ৪৩৩ স্মারকমূলে মবিঅ-২ শাখা হতে প্রতিবেদনের সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যুগ্মসচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে প্রেরণ করা হয়েছে। | (খ) (ii) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ঢাকা জেলায় মোট ২৫টি ডে-কেয়ার সেন্টার পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহের উপর বাস্তবায়ন অগ্রগতি দ্রুত জানাতে হবে। | (খ) (ii) মহাপরিচালক, মবিঅ, মবিঅ-২ শাখা, মশিবিম। |
| | | (গ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর মুলতবী মামলাসমূহের সংখ্যা উল্লেখপূর্বক রিপোর্ট প্রেরণের জন্য এবং ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর নতুন পদ সৃজনের ক্ষেত্রে পদের নাম উল্লেখ করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন | (গ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর মুলতবী মামলাসমূহের সংখ্যা উল্লেখপূর্বক রিপোর্ট প্রেরণ এবং ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর নতুন পদ সৃজনের ক্ষেত্রে পদের নাম উল্লেখ করতে হবে। | (গ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (ঘ) গত ০৬ মাসের যে সকল কর্মকর্তা দেশের বাহিরে বিভিন্ন প্রশিক্ষণ, ওয়ার্কশপ ও সেমিনারে অংশগ্রহণ করেছেন তার প্রতিবেদন ও সারমার্ম দাখিল করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ঘ) গত ০৬ মাসের যে সকল কর্মকর্তা দেশের বাহিরে বিভিন্ন প্রশিক্ষণ, ওয়ার্কশপ ও সেমিনারে অংশগ্রহণ করেছেন তার প্রতিবেদন ও সারমার্ম দাখিল করতে হবে। | (ঘ) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, মশিবিম। |

১৬। যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) সভাকে অবহিত করেন যে, নভেম্বর/২০২৪ মাসের কার্যবিবরণী অনুযায়ী ৩টি সিদ্ধান্ত বাস্তবায়িত ও ২৮টি সিদ্ধান্ত আংশিক বাস্তবায়িত হয়েছে।

১৭। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/০১/২০২৫
(মমতাজ আহমেদ, এনডিসি)
সিনিয়র সচিব